

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০২৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ১৭. দ্বিতীয় অনুচ্ছেদ - হাদিয়া (উপহার) ও হিবার (অনুদান) প্রসঙ্গে

আরবী

وَعَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ صُنِعَ إِلَيْهِ مَعْرُوفٌ فَقَالَ لِفَاعِلِهِ: جَزَاكَ اللَّهُ خَيْرًا فَقَدْ أَبْلَغَ فِي الثَّنَاءِ . رَوَاهُ التِّرْمِذِيّ

বাংলা

৩০২৪-[৯] উসামাহ্ ইবনু যায়দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যার প্রতি কোনো উত্তম আচরণ করা হলো, আর সে উত্তম আচরণকারীকে বলল, আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দান করুন। সে তার অনেক প্রশংসা করল। (তির্মিযী)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ২০৩৫, সহীহ আল জামি' ৬৩৬৮, সহীহ আত্ তারগীব ৯৬৯, সহীহ ইবনু হিব্বান ৩৪১৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তির প্রতি সদাচরণ করা হবে, অর্থাৎ- কোনো কিছু দান করা হবে। অতঃপর সে তার প্রতিদান দিতে অক্ষম হয়ে দাতাকে বলবে, আল্লাহ আপনাকে ইহজীবন ও পরজীবনের সর্বোত্তম প্রতিদান দিন, তাহলে গ্রহীতা এতে দাতার কৃতজ্ঞতা প্রকাশে যথার্থতা করবে। আর তা এভাবে যে, সে নিজ ঘাটতির কথা স্বীকার করল এবং যারা প্রতিদান দিতে অক্ষম সে নিজকে তাদের অন্তর্ভুক্ত করল, আর তার প্রতিদানকে আল্লাহর কাছে সোপর্দ করল যাতে আল্লাহ তাকে পূর্ণাঙ্গ প্রতিদান দেন। বিদ্বানদের কেউ বলেন, তোমার হাতদ্বয় যখন প্রতিদান দেয়া হতে অক্ষম হয়ে পড়বে তখন কৃতজ্ঞতা প্রকাশ ও দু'আর ক্ষেত্রে তোমার জিহ্বা যেন দীর্ঘ হয়। (তুহফাতুল আহওয়াযী ধেম খন্ড, হাঃ ২০৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=68351}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন